# HSC English = পানি

# (First paper)

ইংলিশ হবে

পানির মত সহজ,

ইন্‌শাআল্লাহ্‌

**Saifur Rahman Khan**
Ex-lecturer, IBA, University of Dhaka.
Managing Director, S@ifur's

**Md. Mujibur Rahman**
(BAU, Mymensingh)
Head of Research & Development Department
01613 43 21 26 (sms only)

**Md. Haseeb Kabir**
MA (English), MA (ELT) BRAC Univ.
Content Developer & Writer

**Md. Rajjob Hossain**
BA (Hons.) English, DU & MA (English), DU; MBA
Senior Writer & Research Associate

Question # 01 (A)

# Multiple Choice Questions (MCQ)

পরীক্ষার হলে **Seen passage** সহজে **solve** করার টেকনিক হাতে কলমে শিখা যাক।
এই জন্য নিচের **Seen Passage**-এর সমাধান মন দিয়ে পড়ো।

## Reading Passage Solve Technique

**01**

**Read the text and answer the questions :**

A peace movement is a social movement that seeks to achieve ideals such as the ending of a particular war (or all wars), minimize inter-human violence in a particular place or type of situation, including ban of guns, and is often linked to the goal of achieving world peace. Means to achieve these ends include advocacy of pacifism, non-violent resistance, diplomacy, boycotts, demonstrations, peace camps; supporting anti-war political candidates and banning guns, creating open government, direct democracy; supporting people who expose war-crimes or conspiracies to create wars, and making laws. Different organizations involved in peace movements may have some diverse goals, but one common goal is sustainability of peace.

Peace movement is basically an all-encompassing "anti-war movement". It is primarily characterized by a belief that human beings should not wage war on each other or engage in violent conflicts over language, race, natural resources, religion or ideology. It is believed that military power is not the equivalent of justice. The peace movement tends to oppose the proliferation of dangerous technologies and weapons of mass destruction, in particular, nuclear weapons and biological warfare. Moreover, many object to the export of weapons including hand-held machine guns and grenades by leading economic nations to lesser developed nations. **[Unit-12; Lesson-5]**

**A. Choose the correct answer from the alternatives: 1 × 5 = 5**

a. What is the goal of peace movement?
   i. to stop wars   ii. to have a particular goal
   iii. to maintain peace   iv. to problematize a situation

b. The word "minimize" means:
   i. disagree   ii. diminish   iii. enlarge   iv. evolve

c. Everyone wants _____.
   i. war   ii. conflict   iii. peace   iv. none of them

d. "Pacifism" is related to _____.
   i. the belief in war   iii. the belief in violence
   iii. the disbelief in war   iv. the belief in terrorism

e. What is the correct meaning of the word "violence" _____?
   i. docile   ii. ferocity   iii. anarchy   iv. foe

## শব্দের অর্থ ও উচ্চারণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **ideal** | (আইডিয়াল্) | = আদর্শ। | **Characterised** | (ক্যারেকটারাইজড) | = চিহ্নিত করা হয়। |
| **seek** | (সীক্) | = খোঁজা । | **sustainability** | (সাস্টেইন্অ্যাবিলিটি) | = টিকিয়ে রাখা। |
| **achieve** | (অ্যাচীভ্) | = অর্জন করা। | **Primarily** | (প্রাইমারিলি) | = প্রাথমিকভাবে। |
| **ending** | (য়েন্ডিং) | = সমাপ্তি / অবসান। | **demonstration** | (ডেমোন্স্ট্রেইশন্) | = বিক্ষোভ প্রদর্শন। |
| **violence** | (ভায়োলেন্স) | = সন্ত্রাস। | **conspiracy** | (কন্স্পির্যাসি) | = ষড়যন্ত্র । |
| **ban** | (ব্যান্) | = নিষিদ্ধ করা। | **diplomacy** | (ডিপ্লোমেসি) | = কূটনীতি । |
| **linked** | (লিংক্ড্) | = সম্পর্কযুক্ত / সম্পৃক্ত। | **minimize** | (মিনিমাইয্) | = কমিয়ে আনা / হ্রাস করা। |
| **goal** | (গৌল্) | = লক্ষ্য। | **movement** | (মুভ্মেন্ট) | = আন্দোলন। |
| **means** | (মিন্য্) | = উপায়গুলো। | **particular** | (পার্টিকুলার্) | = বিশেষ । |
| **ends** | (এন্ড্স্) | = লক্ষ্যসমূহ। | **pacifism** | (প্যাসিফিয্ম্) | = শান্তিবাদ। |
| **boycott** | (বয়্কট্) | = বর্জন / অসহযোগ। | **advocacy** | (য়্যাডভোকেসি) | = পক্ষ সমর্থন। |
| **expose** | (এক্স্পৌয্) | = প্রকাশ করা ফাঁস করা। | **resistance** | (রেযিস্টেন্স্) | = প্রতিরোধ। |
| **wage** | (ওয়েজ্) | = যুদ্ধ চালানো। | **ideology** | (আইডোলোজি) | = মতবাদ। |
| **diverse** | (ডাইভার্স) | = বিভিন্নমুখী / বিচিত্র। | **involved** | (ইনভোলভ্ড্) | = জড়িত। |
| **race** | (রেইস্) | = জাতি। | **resource** | (রিসোর্স) | = সম্পদ। |
| **engage** | (ইনগেজ) | = নিয়োজিত করা। | | | |

## Reading passage-এর সহজ সমাধান কৌশল (MCQ)

### (a)-এর ব্যাখ্যা ও সমাধান

(a) What is the goal of peace movement? (শান্তি আন্দোলনের লক্ষ্য কী?)

চলুন এবার passage-এ যাওয়া যাক। পড়তে পড়তে ১ম প্যারার শেষ দুটো লাইনে পাওয়া গেলো:

Different organizations involved in peace movements may have some diverse goals, but one common goal is sustainability of peace.

(শান্তি আন্দোলনের সাথে জড়িত বিভিন্ন সংস্থার থাকতে পারে কিছু বিভিন্নমূখী লক্ষ্য কিন্তু তাদের একটি সাধারণ লক্ষ্য হলো শান্তিকে টিকিয়ে রাখা।)

তাহলে বোঝা গেল যে বিভিন্ন শান্তি আন্দোলনের সাথে সম্পৃক্ত বিভিন্ন সংগঠনের ভিন্ন ভিন্ন কিছু লক্ষ্য থাকলেও তারা সকলেই একটি সাধারণ goal বা লক্ষ্যকে সামনে নিয়ে কাজ করে আর সেটি হলো শান্তি যেন দীর্ঘস্থায়ী হয় সেই লক্ষ্যে কাজ করা। অতএব সঠিক উত্তর হবে (iii), মানে *to maintain peace*।

## (b)-এর ব্যাখ্যা ও সমাধান

প্রশ্নে "*minimize*" শব্দটির অর্থ জানতে চাওয়া হলো। ১ম প্যারার ২য় লাইনে পাওয়া গেল:

......... minimize inter-human violence in a particular place of type of situation

(--- কমিয়ে আনা মানুষের মধ্যকার সহিংসতাকে একটি নির্দিষ্ট জায়গায় কিংবা বিশেষ ধরনের পরিস্থিতিতে---)

তাহলে এখানে "*minimize*" শব্দটির অর্থ হলো পরিমাণে বা মাত্রায় কমিয়ে আনা যার সমার্থক শব্দ শুধুমাত্র প্রশ্নের (ii)-নং উত্তরটিতে পাওয়া যায়। অতএব সঠিক উত্তর হবে (ii) অর্থাৎ *diminish*

## (c)-এর ব্যাখ্যা ও সমাধান

এবার (c) solve করা যাক। (c)-তে আছে: Everyone wants_____. (প্রত্যেকে চায়_____ )
চারটি answer দেয়া আছে:

(i) যুদ্ধ (ii) সংঘাত (iii) শান্তি (iv) কোনটিই নয়।

Option-গুলো পড়ে পরিষ্কার বোঝা যাচ্ছে যে একমাত্র (iii) নং উত্তরটিই প্রশ্নের বক্তব্যের সাথে খাপ খায়। অতএব উত্তর হবে (iii) মানে, *peace*।

## (d)-এর ব্যাখ্যা ও সমাধান

(d)-তে আছে: "Pacifism" শব্দটি নিচের কোনটির সাথে সম্পর্কিত ?

চলুন প্রথমে "Pacifism" কী তা বোঝা যাক। "Pacifism" হচ্ছে একটি বিশ্বাসের নাম যেখানে বিশ্বাস করা হয় যে যুদ্ধ এবং সহিংসতা সবসময় অন্যায়। অর্থাৎ "Pacifism" শব্দটি দ্বারা সবসময় যুদ্ধের প্রতি অবিশ্বাস বা অনাস্থা জ্ঞাপন করা হয়।

তাহলে পরিষ্কার বোঝা যাচ্ছে একমাত্র (iii)-এর *the disbelief in war* (যুদ্ধের প্রতি অবিশ্বাস) প্রশ্নের "Pacifism" শব্দটিকে সঠিকভাবে ব্যাখ্যা করে। অতএব উত্তর (iii)।

## (e)-এর ব্যাখ্যা ও সমাধান

প্রশ্নে আছে "violence" (ভায়োলেন্স্- হিংস্র আচরণ) শব্দটির সঠিক অর্থ কী?
চারটি option দেয়া আছে:

(i) docile (ডৌসাইল্ - বাধ্য) (ii) ferocity (ফেরোসিটি - হিংস্রতা)
(iii) anarchy (অ্যানার্কি - বিশৃঙ্খলা) (iv) foe (ফো - শত্রু)

তাহলে, উত্তরগুলোর মধ্যে একমাত্র (ii)-এর *ferocity* শব্দটিই প্রশ্নের violence শব্দটির সঠিক সমার্থক শব্দ। অতএব উত্তর হবে: (ii) *ferocity*।

# Q. # 01 (B) Short Questions Solve

## 01

**Read the passage below and answer the questions:**

A peace movement is a social movement that seeks to achieve ideals such as the ending of a particular war (or all wars), minimize inter-human violence in a particular place or type of situation, including ban of guns, and is often linked to the goal of achieving world peace. Means to achieve these ends include advocacy of pacifism, non-violent resistance, diplomacy, boycotts, demonstrations, peace camps; supporting anti-war political candidates and banning guns, creating open government, direct democracy; supporting people who expose war-crimes or conspiracies to create wars, and making laws. Different organizations involved in peace movements may have some diverse goals, but one common goal is sustainability of peace.

Peace movement is basically an all-encompassing "anti-war movement". It is primarily characterized by a belief that human beings should not wage war on each other or engage in violent conflicts over language, race, natural resources, religion or ideology. It is believed that military power is not the equivalent of justice. The peace movement tends to oppose the proliferation of dangerous technologies and weapons of mass destruction, in particular, nuclear weapons and biological warfare. Moreover, many object to the export of weapons including hand-held machine guns and grenades by leading economic nations to lesser developed nations. **[Unit-12; Lesson-5]**

**B. Answer the following questions:** **$2 \times 5 = 10$**

a. Who is a pacifist?
b. What is the belief of peace movement?
c. What is the main purpose of peace movement?
d. What is the primary goal of peace movement?
e. What are the criteria of peace movement?

# Reading passage-এর সহজ সমাধান

## (a)-এর ব্যাখ্যা ও সমাধান

**Who is a pacifist? (একজন pacifist কে?)**

**Ans:** A pacifist is a person who is opposed to all wars and violence and advocates lasting peace. {একজন pacifist হচ্ছেন এমন একজন ব্যক্তি যিনি সকল যুদ্ধ ও সহিংসতার বিরোধী এবং (যিনি) দীর্ঘস্থায়ী শান্তির প্রতি দৃঢ় সমর্থন ব্যক্ত করেন।}

## (b)-এর ব্যাখ্যা ও সমাধান

**What is the belief of peace movement?**

**প্রশ্নে বলা হলো:** শান্তি আন্দোলনের বিশ্বাস কি অর্থাৎ কী কী বিশ্বাস দ্বারা শান্তি আন্দোলন চালিত হয়?

চলুন এবার Passage-এ যাওয়া যাক। ২য় প্যারার শুরুতেই পাওয়া গেল:

It (peace movement) is primarily characterized by a belief that human beings should not wage war on each other or engage in violent conflicts over language, race, natural resources, religion or ideology. It is believed that military power is not the equivalent of justice. (এটিকে অর্থাৎ শান্তি আন্দোলনকে প্রথমত চিহ্নিত করা হয় একটি বিশ্বাস দ্বারা যে মানুষের উচিত নয় একে অন্যের উপর, যুদ্ধ চালানো কিংবা ভাষা, জাতি, প্রাকৃতিক সম্পদসমূহ, ধর্ম বা ভাবাদর্শ নিয়ে সন্ত্রাসমূলক দ্বন্দ্বে লিপ্ত হওয়া। এটা বিশ্বাস করা হয় যে সামরিক শক্তি ন্যায়বিচারের সমকক্ষ হয় না।)

এখন Passage-এর উপরের বক্তব্যগুলোকে একটু ঘুরিয়ে নিচের মত করে করে লিখলেই উত্তর হয়ে যাবে:

The central belief of peace movement is that human beings should not declare war on each other or resort to the path of violence because of language, race or religion and that military strength can never equal justice. (শান্তি আন্দোলনের মৌলিক বিশ্বাস হলো এই যে, মানুষের একে অপরের উপর যুদ্ধ ঘোষণা করা উচিত নয় কিংবা ভাষা, জাতি বা ধর্মের কারণে সন্ত্রাসের পথ অবলম্বন করা উচিত নয় এবং সামরিক শক্তি কখনো ন্যায়বিচারের সমকক্ষ হতে পারে না।)

## (c)-এর ব্যাখ্যা ও সমাধান

**চলুন এবার (c)-এর প্রশ্নটি মন দিয়ে পড়া যাক:**
What is the main purpose of peace movement? (শান্তি আন্দোলনের প্রধান উদ্দেশ্য কী?)

Passage-এর শুরুতেই আছে:
A peace movement is a social movement that seeks to achieve ideals such as the ending of a particular war (or all wars), minimize inter-human violence in a particular place or type of situation, including ban of guns and is often linked to the goal of achieving world peace.

**পুরো বাক্যের অর্থ**

শান্তি আন্দোলন হলো একটা সামাজিক আন্দোলন যেটা কিছু আদর্শ অর্জনের চেষ্টা করে, যেমন, কোন বিশেষ যুদ্ধের বা সব যুদ্ধের অবসান, বিশেষ কোন স্থানে কিংবা বিশেষ ধরনের পরিস্থিতিতে অস্ত্র নিষিদ্ধকরণসহ মানুষের মধ্যকার সহিংসতা হ্রাস করা এবং এই শান্তি আন্দোলন প্রায়ই বিশ্ব শান্তি অর্জনের লক্ষ্যের সাথে সম্পর্কযুক্ত থাকে।

**এই বাক্যটি থেকে আমরা উত্তর লিখতে পারি:**

*The main purpose of peace movement is to put an end to all kinds of wars, lessen existing or recurring violence in a particular place including the banning of guns, and establish world peace.* (শান্তি আন্দোলনের প্রধান উদ্দেশ্য হলো সকল প্রকার যুদ্ধের সমাপ্তি ঘটানো, কোন নির্দিষ্ট এলাকায় অস্ত্র নিষিদ্ধকরণসহ বিদ্যমান বা পুন:পুন ঘটা সহিংসতা কমিয়ে আনা এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠা করা।)

## (d)-এর ব্যাখ্যা ও সমাধান

**প্রশ্ন What is the primary goal of a peace movement?** (শান্তি আন্দোলনের মৌলিক লক্ষ্য কী?)

Passage-এর ১ম প্যারার শেষ লাইনে আছে:

Different organizations involved in peace movements may have some diverse goals, but one common goal is sustainability of peace. (শান্তি আন্দোলনের সাথে জড়িত বিভিন্ন সংস্থা বা সংগঠনগুলোর থাকতে পারে বিভিন্নমূখী লক্ষ্য কিন্তু একটা সাধারণ লক্ষ্য হচ্ছে শান্তি টিকিয়ে রাখা।)

সুতরাং (b)-এর উত্তর হিসেবে লিখা যায়:

*The primary goal of a peace movement is to ensure the sustainability of world peace.*
(শান্তি আন্দোলনের মৌলিক লক্ষ্য হলো বিশ্ব শান্তি টিকিয়ে রাখা নিশ্চিত করা।)

## (e)-এর ব্যাখ্যা ও সমাধান

What are the criteria of peace movement? (শান্তি আন্দোলনের মানদণ্ডগুলো কী কী?)

চলুন এবার Passage-এ যাওয়া যাক। Passage-এর 1st para-র মাঝামাঝিতে আছে:
Means to achieve these ends include advocacy of pacifism, non-violent resistance, diplomacy, boycotts, demonstrations, peace camps; supporting anti-war political candidates and banning guns, creating open government, direct democracy; supporting people who expose war-crimes or conspiracies to create wars, and making laws.

**পুরো বাক্যের অর্থ**

শান্তি আন্দোলনের এই লক্ষ্যগুলো অর্জনের উপায়গুলোর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে শান্তিবাদের পক্ষে সমর্থন, অহিংস প্রতিরোধ, কূটনীতি, বয়কট, বিক্ষোভ প্রদর্শন, শান্তি শিবির প্রতিষ্ঠা; যুদ্ধবিরোধী রাজনৈতিক প্রার্থীর পক্ষে সমর্থন জ্ঞাপন করা এবং অস্ত্র নিষিদ্ধ করা, উন্মুক্ত সরকার, প্রত্যক্ষ গণতন্ত্র প্রতিষ্ঠা করা; যারা যুদ্ধপরাধ ও যুদ্ধ বাঁধানোর ষড়যন্ত্রকে প্রকাশ করে দেয় তাদের প্রতি সমর্থন জ্ঞাপন করা এবং আইন প্রণয়ন করা।

এখন উত্তরের জন্য Passage-এর বক্তব্যটিকে অবিকল copy না করে প্রশ্নের সাথে মিল রেখে একটু ঘুরিয়ে নিচের মত করে লিখতে হবে:

*Peace movement has a number of criteria such as advocacy of pacifism through non-violent resistance, diplomacy, boycotts and peace camps, supporting anti-war political candidates and people exposing war-crimes and conspiracies leading to wars, banning guns, making laws, creating open government and establishing direct democracy.* (শান্তি আন্দোলনের কিছু মানদণ্ড রয়েছে যেমন অহিংস প্রতিরোধ, কূটনীতি, বয়কট এবং শান্তি শিবির প্রতিষ্ঠার মাধ্যমে শান্তিবাদের পক্ষে দৃঢ় সমর্থন ব্যক্ত করা, যুদ্ধবিরোধী রাজনৈতিক প্রার্থী এবং যারা যুদ্ধপরাধ ও যুদ্ধ বাঁধানোর ষড়যন্ত্রকে প্রকাশ করে দেয় তাদের প্রতি সমর্থন জ্ঞাপন করা, অস্ত্র নিষিদ্ধ করা, আইন প্রণয়ন করা, উন্মুক্ত সরকার গঠন করা এবং প্রত্যক্ষ গণতন্ত্র প্রতিষ্ঠা করা।)

# Contents

## HSC বোর্ড প্রশ্ন ও সমাধান


- Dhaka Board Question-**2019** ও বিস্তারিত সমাধান ........ **349 – 372**
- Dhaka Board Question-**2018** ও বিস্তারিত সমাধান ........ **305 – 336**
- Dhaka Board Question-**2017** ও বিস্তারিত সমাধান ........ **271 – 288**
- Marks Distribution -------- **01**

**Sample Questions of NCTB**

- Set-1 -------- **02**
  Set-2 -------- **05**
- Guidelines for question setters and markers -------- **09**

**Questions # 1 – 6 (Reading)**

01. Reading Passage Solve Technique ........ Question # **01** ... **013 – 019**
02. Information Transfer, Flow chart ........ Question # **02** ... **020 – 025**
03. Summary Writing - Technique ........ Question # **03** ... **026 – 038**
04. Cloze test with clues ........ Question # **04** ... **039 – 068**
05. Cloze Test without clues ........ Question # **05** ... **081 – 108**
06. Cloze Test without clues-এর আরো প্রশ্ন ও সমাধান ........ Question # **05** ... **289 – 304**
07. Rearrange Solution Technique ........ Question # **06** ... **119 – 143**
08. Table Matching ........ **261 – 266**
09. Substitution Table ........ **267 – 269**

**Questions # 10 – 14 (Writing)**

10. Paragraph Writing ........ Question # **07** ... **147 – 164**
11. Story Writing ........ Question # **08** ... **165 – 181**
12. Email – Letter ........ Question # **09** ... **182 – 204**
13. Graph Writing ........ Question # **10** ... **205 – 230**
    Graphs / Charts ........ **230 – 241**
14. Appreciating Poem and Short Story ........ Question # **11** ... **242 – 260**

# এই বই পড়ার নিয়ম

এই বইয়ের ইংরেজি বাক্যগুলো

**মুখস্থ করবেন না, বরং**

**তৃপ্তি মতো বাংলা অর্থ**

ও বাংলা ব্যাখ্যাগুলো পড়বেন !

**প্রতিদিন কমপক্ষে ১ ঘন্টা**

এই বই নিয়ে বসুন !

**Facebook-এ ও**

**মোবাইলে ঘন্টার পর ঘন্টা**

সময় ব্যয় করে

**ইংরেজি**

**শেখা যায় না, না, না !**

**Ph : 01613 43 21 26 (sms only)**

Don't just *read* this book.
এই বইটা শুধু পড়ে গেলে হবে না।

Interact with it.
এই বইয়ের সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া করুন,
বইটির সাথে কথা বলুন,
বইটির সাথে ভাবে আদান-প্রদান করুন।

Underline it.
গুরুত্বপূর্ণ শব্দ / লাইন / অর্থের নিচে দাগ দিন,
রঙিন মার্কার দিয়ে চিহ্নিত করুন।

Write your own thoughts
in the margins.
পৃষ্ঠার মার্জিনে আপনার নিজের চিন্তা,
উপলব্ধি লিখে ফেলুন।

Make it *your* book.
এই বইটিকে একান্তই আপনার নিজের
বই বানিয়ে ফেলুন,
পৃষ্ঠায় পৃষ্ঠায় ইচ্ছে মতো দাগাদাগি,
কাটাকাটি, লেখালেখি করুন।

Personalize it !
বইটিকে একেবারেই ব্যক্তিগত
বই বানিয়ে ফেলুন।